

কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ২৮

আরবি মূল আয়াত:

قَالَ لَا تَخْتَصِّمُوا لَدَيَّ وَقَدْ قَدَّمْتُ إِلَيْكُمْ بِالوَعِيدِ ﴿٢٨﴾

Aর্থ অনুবাদসমূহ:

আল্লাহ বলবেন, ‘তোমরা আমার কাছে বাক-বিত্তা করো না। অবশ্যই আমি পূর্বেই তোমাদেরকে সতর্ক করে দিয়েছিলাম’। — আল-বায়ান

আল্লাহ বলবেন, ‘আমার সামনে বাদানুবাদ করো না, আমি আগেই তোমাদেরকে সতর্ক করে দিয়েছিলাম।’
— তাইসিরঞ্জ

আল্লাহ বলবেনঃ আমার সামনে বাক-বিত্তা করনা; তোমাদেরকে আমিতো পূর্বেই সতর্ক করেছি। — মুজিবুর রহমান

[Allah] will say, "Do not dispute before Me, while I had already presented to you the warning. — Sahih International

২৮. আল্লাহ বলবেন, তোমরা আমার সামনে বাক-বিত্তা করো না; আমি তো তোমাদেরকে আগেই সতর্ক করেছিলাম।

-

তাফসীরে জাকারিয়া

(২৮) আল্লাহ বলবেন, ‘আমার সামনে বাক-বিত্তা করো না; তোমাদেরকে তো আমি পূর্বেই শাস্তির প্রতিশ্রুতি প্রেরণ করেছি।[1]

[1] অর্থাৎ, মহান আল্লাহ কাফের ও তাদের সহচর শয়তানদেরকে বলবেন, এই হিসাব-স্থলে অথবা ন্যায়পরায়ণ আদালতে বাদানুবাদের কোন প্রয়োজন নেই এবং তাতে কোন লাভও নেই। আমি তো রসূলগণ ও গন্তসমূহের মাধ্যমে এ সব শাস্তি থেকে তোমাদেরকে সতর্ক করে দিয়েছিলাম।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4658>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন